প্রথম আলো

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ১

# নতুন স্নাতক প্রোগ্রাম উদ্বোধন

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের অধীনে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিংয়ে (ইইই) স্নাতক কোর্স চালু হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্প্রতি ইউল্যাবে চার বছর মেয়াদি এই বিভাগটি খোলার অনুমোদন দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এ বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক এস এম মাহবুবুর রহমান ও ডিন হিসেবে রয়েছেন ইউল্যাবের উপ-উপাচার্য অধ্যাপক এইচ এম জহিরুল হক। গতকালের অনুষ্ঠানে এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রবিউল আলম ও মাইক্রোসফট বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সোনিয়া বশির কবির উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি